অনুচ্ছেগ নং-৭(গ)

| বর্তমান নীতিমালাঃ | সংশোধীত নীতিমালাঃ |
|---|---|
| ন্যূনতম স্থানীয় পরিবহন ভাড়া হইবে স্থানভিত্তিক ১(এক)ট্রিপের সম-পরিমান ভাড়া+ পরিবহন কমিশন ১০০/-+ ভ্যাট এট একুচয়্যাল। | ন্যূনতম স্থানীয় পরিবহন ভাড়া হইবে স্থানভিত্তিক ১(এক)ট্রিপের সম-পরিমান ভাড়া+ পরিবহন কমিশন ১০০/- টাকা + বন্দরের গেইট পাশ ৫০/-টাকা +ভ্যাট এট একুচয়্যাল। |

অনুচ্ছেদ নং- ৭(ঘ)

| বর্তমান নীতিমালাঃ | সংশোধীত নীতিমালা |
|---|---|
| ট্রেইলার এবং কাভার্ড ভ্যানের মাধ্যমে স্থানীয়ভাবে পণ্য পরিবহনের জন্য সংশ্লিষ্ট সমিতি কর্তৃক ন্যূনতম কোন দর নির্ধারিত না থাকায় সি এন্ড এফ এজেন্টগন বাজার দরের ভিত্তিতে টেন্ডারে উক্ত দর উদ্ধৃত করিবেন। | স্থানীয়ভাবে ট্রেইলার এর মাধ্যমে পণ্য পরিবহনের ন্যূনতম ভাড়া হইবে প্রতি ট্রিপ সর্বসাকুল্যে ৯,০০০/- (নয় হাজার) টাকা। |

অনুচ্ছেদ নং- ৭(ঙ)১,২

| বর্তমান নীতিমালাঃ | সংশোধীত নীতিমালা |
|---|---|
| ০১। আন্তঃজিলা পরিবহন সংস্থা ও ট্রাক মালিক সমিতি এবং কাভার্ড ভ্যান মালিক সমিতি কর্তৃক আন্তঃজিলা পণ্য পরিবহনের জন্য ন্যূনতম ভাড়ার কোন দর নির্ধারিত না থাকায় টেন্ডারে অংশগ্রহণকারী সি এন্ড এফ এজেন্টগন বাজার দরের ভিত্তিতে উক্ত দর উদ্ধৃত করিবেন।<br>০২। ট্রেইলারের মাধ্যমে আন্তঃজিলা পরিবহনের জন্য প্রাইম মুভার ওনার্স এসোসিয়েশন কর্তৃক ন্যূনতম ভাড়ার কোন দর নির্ধারিত না থাকায় টেন্ডারে অংশগ্রহণকারী সি এন্ড এফ এজেন্টগন বাজার দরের ভিত্তিতে উক্ত দর উদ্ধৃত করিবেন। | আন্তঃজিলা পরিবহনের ক্ষেত্রে (চট্টগ্রাম বন্দর ট্রাক মালিক ও কন্ট্রাক্টর এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত স্থান সমুহ বহির্ভূত) ট্রাক/কাভার্ড ভ্যান/ট্রেইলার এর মাধ্যমে দেশের যে কোন অঞ্চলে পণ্য পরিবহনের ক্ষেত্রে ন্যূনতম পরিবহন ভাড়া হইবে প্রতিট্রিপ সর্বসাকুল্যে ১২,০০০/-( বার হাজার) টাকা। |

## অনুচ্ছেদ নং ২৯ এ নিম্মোক্ত বিধিমালা সংযোজন করা হয়।

একই সি এন্ড এফ এজেন্ট কর্তৃক পর পর তিনবার এসোসিয়েশনের নীতিমালা ভঙ্গ করিয়া বিভিন্ন প্রতিষ্ঠানে টেন্ডার দাখিল করিলে উক্ত সি এন্ড এফ এজেন্ট বর্তমানে প্রচলিত শাস্তির পাশা-পাশি পরবর্তী এক বছর কোন প্রতিষ্ঠানের টেন্ডারে অংশ গ্রহন করিতে পারিবেনা।

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)
সাধারণ সম্পাদক
চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড
ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন

